ডিসেম্বর,২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব চন্দ্রদেব চাকমা, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি।
সভার স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি
সভার তারিখ ও সময়	:	২৯ ডিসেম্বর, ২০২২খ্রি: ; সময় : বেলা ১০.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যদের নাম	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।
বিবেচ্য মাস	:	নভেম্বর, ২০২২খ্রি:।

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্মবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃনং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	গত সভার কার্যবিবরণী	গত সভার কার্যবিবরণী অনুমোদিত।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি।
২	উপজেলা কমিটিসমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। বিগত মাসের উপজেলা কমিটির কোন সভা অনুষ্ঠিত হয় নি।	বিগত মাসে উপজেলা কমিটিসমূহের সভা অনুষ্ঠিত না হওয়ায় কোন প্রস্তাব পাওয়া যায়নি। এর পরিপ্রেক্ষিতে নিয়মিত সভা আহ্বান করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে উপজেলা কমিটির সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	**সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।**
৩	**স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বহি: বিভাগে উপস্থিতি রোগীর সংখ্যা ৩৪৫৮ জন, জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮৪ জন, অন্ত:বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ২৭৮ জন। হাসপাতালে প্রসূতি ডেলিভারী রোগীর সংখ্যা ২৩ জন, মাঠ/সিএসবিএ/সিসিতে-১২৪ জন। মোট এএনসি-১ম ১২৯ জন, ৪র্থ-৬৩ জন এবং পিএনসি ১০৭ জন। ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ০০ জন টিবি রোগীর সংখ্যা= ০৯ জন। অত্র উপজেলায় কোভিড-১৯ নিবন্ধিত সংখ্যা ৪১৬৮৪ জন, ১ম ডোজ প্রদান ৪১২৭৯ জন, দ্বিতীয় ডোজ ৪০৯০১ জন, ৩য় ডোড-১৭৩১২ জন মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) নির্দেশনা মোতবেক স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। (খ) জননিবন্ধন কার্যক্রম জোরদার করণের লক্ষ্যে হাসপাতালে চলতি মাসে কতজন বাচ্চা প্রসব করা হয়েছে তার তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) নবাগত শিশু কে ইপিআই টিকা প্রদানের পূর্বে জন্ম নিবন্ধন সনদ প্রমাণক সাপেক্ষে ইপিআই টিকা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানগণ পানছড়ি।
৪	**পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১২১২৫ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ৭০ জন, কন্ডম ব্যবহারকারী (নতুন) ২৮ জন, মোট ইনজেকশন গ্রহণকারী (নতুন) ২৩ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ১২ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ২০ জন, স্থায়ী পদ্ধতি- পুরুষ বন্ধ্যাকরণ ০০ জন, মহিলা বন্ধ্যাকরণ ০০ জন, গর্ভখালাস ০০ জন, সাধারণ রোগী সেবা ১০৮৮ জন, চলতি মাসে নব দম্পতির সংখ্যা ১৯ জন, সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (নতুন+পুরাতন) ৯৪৪৮ জন, সর্বমোট গ্রহণকারীর হার ৭৭.৯২%, উপজেলার মোট জনসংখ্যা ৬৫৫৮৬ জন, চলতি মাসে উঠান বৈঠক ১৩টি, উপজেলার জনসংখ্যার বৃদ্ধির হার ০.১৭% মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) কিশোর-কিশোরী সেবা প্রদান কার্যক্রম জোরদার করণের জন্য অনুরোধ করা হয়। (খ) নিয়মিত উঠান বৈঠক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (গ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (ঘ) কিশোরীদের কে আয়রণ ও ফলিক এসিড ট্যাবলেট নিয়মিত সেবনের বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পানছড়ি।
৫	**কৃষি বিভাগ :** উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান যে, আসন্ন বোরো মৌসুমে হাইব্রিড জাতের ১৩০০ পরিবারকে উফসী ৮০০, সরিষা ৪০০, ভূট্টা ৬০, বাদাম ২০, সূর্যমুখী ৬০ পরিবারকে রাসায়নিক সারসহ প্রণোদনা ও প্রর্দশনী বিতরণ করা হয়। অত্র উপজেলায় ১২টি বিদ্যুৎ চালিত মোটর দ্বারা সিংহভাগ নালকাটা, মির্জাবিল ও লতিবান ব্লকে বোরো আবাদ	(ক) বোরো ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে লক্ষ্যমাত্রানুযায়ী বৈদ্যুতিক ভোল্টেজ সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী, বিউবো, পানছড়ি কে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী (বিউবো) পানছড়ি।

	করা হচ্ছে। বোরো আবাদের সময় লক্ষ্যমাত্রানুযায়ী ভোল্টেজ সরবরাহের বিষয়ে বিদ্যুৎ কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেন। বর্তমানে রাসায়নিক সারের কোন ঘাটতি নেই। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।	(খ) আসন্ন বোরো মৌসুমে পর্যাপ্ত পরিমাণে রাসায়নিক সার মজুদ রাখার জন্য অনুরোধ করা হয়।	
৬	**মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৫ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৬টি প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমে আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৫৯২০ লক্ষ টাকা আদায় হার ৫৬%।	(ক) খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি
৭	**প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, সংক্রমণ রোগ প্রতিরোধে গবাদি টিকা প্রদান ৬৩২টি, হাঁস-মুরগী টিকা প্রদান ১৩,৩০০ মাত্রা, গবাদি পশু চিকিৎসা ১২৬১টি, হাঁস-মুরগী চিকিৎসা ১১৭২৯টি, কৃত্রিম প্রজনন ৬৫টি, রাজস্ব আদায়: গবাদি পশু হাঁস-মুরগী টিকা বিক্রয় বাবদ ২,৯৮০ টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ ১৯৫০ টাকা, উঠান বৈঠক ০২টি মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) প্রাণি সম্পদের স্বাস্থ্য সুরক্ষার জন্য ওয়ার্ড পর্যায়ে মেডিকেল টিমের মাধ্যমে প্রাণি চিকিৎসা সেবা কার্যক্রম চালুর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (খ) নিয়মিত উঠান বৈঠকের মাধ্যমে খামারীদের কে উৎসাহিত করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি।
৮	**স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় ১ম কিস্তিতে ২১.২৭ লক্ষ টাকা পাওয়া যায়। ৪র্থ কিস্তি হিসেবে ২১.২৭x৪=৮৫.০৮ লক্ষ টাকার স্কীম লিস্ট ইতিমধ্যে পাওয়া গেছে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট ৫টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট হতে স্কীম লিস্ট এর মধ্য থেকে অগ্রাধিকার ভিত্তিতে খাতওয়ারী বিভাজন করে আগামী ০১ জানুয়ারী,২০২৩খ্রি: তারিখ সভা আহ্বান করে চুড়ান্ত স্কীম লিস্ট তৈরী করা হবে এবং যাচাই-বাছাই কমিটির মাধ্যমে আগামী ০২ জানুয়ারী,২০২৩খ্রি: তারিখে প্রকল্প তালিকা চাড়ান্ত করে বিধি অনুযায়ী প্রাক্কলন প্রস্তুতপূর্বক দরপত্র আহ্বানের ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরো জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সড়ক, ড্রেন, কালভার্ট, পাবলিক টয়লেট, কসাইখানা প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা ও বাজার কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ আলোচনাক্রমে পানছড়ি বাজারের রাস্তা সমূহ ও হাসপাতাল সড়কের বাকি অংশ এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পশ্চিম পার্শ্বে ৬৩ মি. সড়ক আরসিসি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়াও কসাইখানা স্টীল ব্রীজের নিকট, পাবলিক টয়লেট পানছড়ি বাজারে ১টি ও তালুকদার পাড়া ব্রীজ সংলগ্ন ২টি এবং বাজারের ড্রেনসহ নালকাটা কারিগর পাড়া রাস্তায় কালভার্ট নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া তালুকদার পাড়া ও তাপিতা পাড়া সর. প্রা. বিদ্যালয়ের পুরাতন বিদ্যালয় ভেঙে নিলাম প্রকিয়া সম্পন্নের বিষয়ে আলোচনা হয়। এছাড়া উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলার নির্ধারিত ০৪টি জায়গায় ০৪টি কাজই চুড়ান্তভাবে সম্পন্ন করা হয়েছে। সকল কার্যক্রম সম্পন্নের পরপরই চুড়ান্ত বিল এর প্রয়োজনীয় কাগজপত্র সদর দপ্তর (ঢাকা) প্রেরণ করা হবে মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) বিধি মোতাবেক শ্রীঘ্রই প্রকল্প তালিকা যাচাই-বাছাই করে প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (খ) বিধি মোতাবেক নির্দিষ্টভাবে প্রকল্পগুলির প্রাক্কলন প্রস্তুত করে বাস্তবায়নের লক্ষ্যে নির্বাহী প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি।

৯	**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন টিআর কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৬.০০ (লক্ষ) টাকা নগদ অর্থ প্রদান করা হয়েছে কাজের অগ্রগতি ৭০%। ২০২২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৩১,৫৭,১৫৫/২৪ টাকা নগদ অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। গৃহীত প্রকল্প সংখ্যা ১৪টি, কাজের অগ্রগতি ৭৫%। ২০২২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা ১ম কিস্তি মহিলা সংসদ সদস্য এর আওতায় ২৩,১৪,৩৮০/২০ টাকা, গৃহীত প্রকল্প সংখ্যা ০৭টি। কাজের অগ্রগতি ৭০%। ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ মাটির রাস্তাসমূহ হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ০১টি প্যাকেজে মোট ৭২.৭৭ (লক্ষ) টাকা প্রদান করা হয়েছে। বর্তমানে এ প্রকল্পের নির্বাচিত ঠিকাদার অনুমোদনের কার্যক্রম প্রক্রিয়াধীন। ২০২২-২০২৩ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসুচির আওতায় ১ম পর্যায়ে ৮৪.৪৮ (লক্ষ) টাকা প্রদান করা হয়েছে। কাজের অগ্রগতি ৫০%।	(ক) বিধি অনুযায়ী উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) বিধি মোতাবেক বাস্তবায়িত উন্নয়নমূলক প্রকল্পের কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (গ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি।
১০	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে ১৩০টি নলকূপের স্থাপনের কাজ চলমান আছে। ইতিমধ্যে ৮৫টির স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। ৫৮ গ্রাম প্রকল্পের আওতায় ৭টি কাজের মধ্যে ৪টি কাজ হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট ৩টির কাজ চলমান। কমিউনিটি টয়লেট নির্মাণ প্রকল্পের ০৮টির মধ্যে ৫টি কাজ প্রায় সমাপ্তির পথে বাকী ৩টি কাজ চলমান। GPS প্রকল্পের আওতায় ১০টি বিদ্যালয়ের দ্বিতল ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান আছে। তাছাড়া যেসকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পানির উৎস নাই যে সকল বিদ্যালয়ে হ্যান্ড ওয়াশ বেসিনসহ পানির উৎস নির্মাণ করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।	(ক) অসমাপ্ত কাজগুলি যথাসময়ে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (গ) বাস্তবায়িত প্রকল্পের কাজ নিয়মিত তদারকী করার জন্য অনুরোধ করা হয়।	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পানছড়ি।
১১	**প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলায় ২৩৫ জন শিক্ষার্থীর অংশগ্রহণে আগামী ৩০ ডিসেম্বর,২০২২খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত প্রাথমিক বৃত্তি পরীক্ষা,২০২২ অনুষ্ঠিত হবে। ০১ জানুয়ারী,২০২৩ খ্রি: থেকে বিদ্যালয়ে শিক্ষার্থীদের হাতে নতুন বই প্রদান করা হবে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।	(ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বার্ষিক পরীক্ষা সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (খ) বিধি মোতাবেক সুষ্ঠু সুন্দর ও সুশৃংখলভাবে বই উৎসব সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি।
১২	**মাধ্যমিক শিক্ষা বিভাগ** : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, ০১ জানুয়ারী,২০২৩খ্রি: তারিখ ২০২৩ শিক্ষাবর্ষের বিনামূল্যে পাঠ্য বই বতরণ কার্যক্রম শুরু হবে। ৫১তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ০৩ জানুয়ারী,২০২৩খ্রি: তারিখ হতে প্রতিষ্ঠান পর্যায়ে এবং ১০ জানুয়ারী,২০২৩খ্রি: তারিখ উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।	(ক) ৫১তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা, ২০২৩খ্রি: সুষ্ঠু সুন্দর ও সুশৃংখলভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (খ) বিনামূল্যে পাঠ্য বই বিতরণ শতভাগ নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা পানছড়ি।
১৩	**সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না।	আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি।